দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 1 1 1999
পৃঃ 7 কলাম 6

# ঢাকা পলিটেকনিক শিক্ষকদের পূর্ণ দিবস কর্মবিরতি পালিত

স্টাফ রিপোর্টার ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডিজির অপসারণ ও শিক্ষকদের নিপীড়নমূলক বদলীসহ ১০ দফা দাবী আদায়ে ঢাকা পলিটেকনিক-এর শিক্ষকরা গতকাল পূর্ণদিবস কর্মবিরতি পালন করেছে। কর্মবিরতি চলাকালে সমিতির কার্যালয়ে আয়োজিত প্রতিবাদ সমাবেশে বক্তারা অবিলম্বে ডিজির অপসারণসহ দাবী বাস্তবায়নের জন্য সরকারের প্রতি আহবান জানান। প্রতিবাদ সমাবেশে সভাপতিত্ব করেন ঢাকা শাখার সভাপতি জনাব আবদুর

২-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## পলিটেকনিক শিক্ষক

প্রথম পৃষ্ঠার পর

রশিদ। পূর্ণ দিবস কর্মবিরতি পালন করায় নেতৃবৃন্দ সকল শিক্ষক-শিক্ষিকাদের অভিনন্দন জানিয়েছেন।

এদিকে গতকাল সকালে বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় নির্বাহী কমিটি এবং পলিটেকনিক সংগ্রাম কমিটির যৌথ সভায় দাবী আদায়ে মাসব্যাপী কর্মসূচী ঘোষণা করেছে। কর্মসূচীর মধ্যে রয়েছে— ১৪ জুলাই ময়মনসিংহ, ১৯ জুলাই চট্টগ্রাম, কাপ্তাই, সিলেট ও কুমিল্লা, ২২ জুলাই খুলনা, যশোর, কুষ্টিয়া, বরিশাল ও পটুয়াখালী, ২৯ জুলাই ফরিদপুর, টাঙ্গাইল, ৪ আগস্ট রাজশাহী, পাবনা, রংপুর, দিনাজপুর ও বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউটে বিক্ষোভ সমাবেশ ও মিছিলসহকারে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর নিকট স্মারকলিপি পেশ। কেন্দ্রীয়ভাবে ঢাকা ৩০ আগস্ট ঢাকা পলিটেকনিক, আইআইটি, টিটিটিসি, কারিগরি শিক্ষা বোর্ড এবং মহিলা পলিটেকনিক-এর শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে ঢাকা পলিটেকনিক ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ করে মিছিলসহ শিক্ষা সচিব ও শিক্ষামন্ত্রীর নিকট স্মারকলিপি প্রদান করা হবে। এর পরও মহাপরিচালকের অপসারণসহ ১০ দফা দাবী মেনে না নিলে এবং নির্যাতনমূলক বদলী বাতিল না করলে ঢাকায় ২০টি পলিটেকনিক-এর শিক্ষকদের মহাসমাবেশ ও বিক্ষোভ মিছিল শেষে প্রধানমন্ত্রীর নিকট স্মারকলিপি পেশ করা হবে। এর পরও দাবী মানা না হলে ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটে অবিরাম কর্মবিরতি পালন করার কর্মসূচী ঘোষণা করা হবে।

যৌথ সভা থেকে কারিগরি শিক্ষা অধিদপ্তর থেকে পলিটেকনিক শিক্ষকদের হুমকি-ধমকি ও ভয়ভীতি প্রদর্শন থেকে বিরত থাকার আহবান জানানো হয়। ২০টি পলিটেকনিক-এর সকল শিক্ষক-শিক্ষিকাকে ঘোষিত কর্মসূচী সফলভাবে পালনের জন্য সমিতির কেন্দ্রীয় সভাপতি মোঃ সাখাওয়াৎ হোসেন মোল্লা এবং সাধারণ সম্পাদক মোঃ শামসুর রহমান আহবান জানিয়েছেন।